

‘মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান’



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা।

স্মারক নম্বর-৪৯.০১.০০০০.০০২.২৭.০০১.২০. ৯৫৬

তারিখ: ০৯.০৭.২০২০খ্রিঃ।

‘অফিস আদেশ’

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিএমইটি’র আওতাধীন বিভিন্ন আইএমটি, টিটিসি ও ডিইএমও’তে ১১-২০তম গ্রেডের কর্মচারীগণ দীর্ঘদিন একই পদে কর্মরত আছেন এবং কিছু কিছু ক্ষেত্রে তারা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যতিরেকে সরাসরি মন্ত্রণালয়ে বা বিএমইটিতে বদলীর আবেদন করছেন। কাজেই প্রশাসনিক শৃংখলা ও বদলীর আবেদনের অধিকতর যৌক্তিকতা বিবেচনার স্বার্থে বিএমইটি’র আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত যে সকল কর্মচারী বিগত ২০১৫ বা তৎপূর্ববর্তী কাল থেকে একই কর্মস্থলে কর্মরত আছেন, শূন্য পদ থাকা সাপেক্ষে বা পারস্পরিক বদলী বা অন্য কোন যৌক্তিক কারণে অন্যত্র বদলী হতে ইচ্ছুক কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২৫ জুলাই, ২০২০খ্রিঃ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ছকে নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদন করতে পারেন।


ছক

কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	নিজ জেলা ও জন্ম তারিখ	বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ	বদলীর জন্য কাজিত কর্মস্থল	মন্তব্য বা আবেদনের যৌক্তিকতা
---	-----------------------------	--	------------------------------	---------------------------------

০২। উল্লেখ্য যে, প্রশাসনিক স্বার্থে বদলী নীতিমালা মোতাবেক যৌক্তিক কারণ বিবেচনা কালে উক্ত আবেদন সহায়ক ভূমিকা রাখলেও কাজিত পদ/কর্মস্থলে বদলীর বিষয়ে তা কোন প্রকার নিশ্চয়তা প্রদান করে না।

০৩। অধ্যক্ষ, আইএমটি/টিটিসি/সহকারী পরিচালক, ডিইএমও গণ নিজ নিজ প্রতিষ্ঠান/দপ্তরে কর্মরত কর্মচারীদের বিষয়টি অবিলম্বে অবহিত করবেন এবং প্রাপ্ত আবেদনসমূহ সুপারিশ/মন্তব্য সহকারে বর্ণিত/নির্ধারিত সময়সীমার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ নিশ্চিত করবেন।

০৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো। বিষয়টি অতীব জরুরি।



(মোঃ শামছুল আলম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

টেলিফোন: ০২- ৪৯৩৪৯৯২৫ (অফিস)

Email: dg@bmet.gov.bd

বিতরণ (কার্যার্থে) :

১. অধ্যক্ষ (সকল)..... আইএমটি/টিটিসি.....।
২. সহকারী পরিচালক (সকল)..... বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস.....।
৩. সহকারী পরিচালক (সকল)..... জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস.....।
৪. সহকারী পরিচালক (সকল)..... শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর.....।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

০১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।